

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

([www.ebmeb.gov.bd/](http://www.ebmeb.gov.bd/) [www.bmeb.gov.bd/](http://www.bmeb.gov.bd/))



স্মারক নং-বামাশিবো/পরী/দাখিল-২০২১/৫০৫

তারিখ : ০৮ আশ্বিন, ১৪২৮  
২৩ সেপ্টেম্বর, ২০২১

## ২০২১ সালের দাখিল পরীক্ষার সময়সূচি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২০২১ সালের দাখিল পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

বিষয়ের নাম ও সময় সকাল ১০টা থেকে ১১.৩০ টা পর্যন্ত	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয়ের নাম ও সময় বিকাল ২টা থেকে ৩.৩০ টা পর্যন্ত	বিষয় কোড
১। কুরআন মাজিদ ও তাজভিদ	১০১	১৪-১১-২০২১ রবিবার	×	×
২। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)	১৩০			
১। হাদিস শরিফ	১০২	১৮-১১-২০২১ বৃহস্পতিবার	×	×
১। ইসলামের ইতিহাস	১০৯			
২। রসায়ন (তত্ত্বীয়)	১৩১	২১-১১-২০২১ রবিবার	×	×
৩। তাজভিদ নসর ও নজম (মুজাব্বিদ গ্রুপ)	১১৯			
৪। তাজভিদ (হিফজুল কুরআন গ্রুপ)	১২১			

### বিশেষ নির্দেশাবলিঃ

- কোভিড-১৯ অতিমারির কারণে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- পরীক্ষা শুরু ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
- পরীক্ষার সময় ১ ঘন্টা ৩০ মিনিট।
  - \* MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
  - সকাল ১০.০০টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে
  - সকাল ০৯.৩০মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনী OMR শিট বিতরণ।
  - সকাল ১০.০০টা বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ।
  - সকাল ১০.১৫মি. বহুনির্বাচনী উত্তরপত্র (OMR শীট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।
- পরীক্ষার্থীদেরকে তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করতে হবে।
- ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ সেশনের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪২) এবং ক্যারিয়ার শিক্ষা (১৪৫) বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্তনম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। প্রতিষ্ঠান নিজ নিজ পরীক্ষার্থীর ব্যবহারিক খাতা (নোট বুক) এর নম্বর প্রদান করে নম্বরসমূহ ২৮/১১/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক খাতা (নোট বুক) এর নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্তনম্বর বোর্ডের ওয়েবসাইট ([www.ebmeb.gov.bd](http://www.ebmeb.gov.bd)) থেকে eCIS-Center Information System এর মাধ্যমে অনলাইনে প্রেরণ করবেন।
- পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক খাতা (নোট বুক) এর নম্বরের অংশে পৃথকভাবে পাস করতে হবে।
- প্রত্যেক পরীক্ষার্থী কেবল রেজিস্ট্রেশন ও প্রবেশপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে এবং এনালগ ঘড়ি সাথে রাখতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে না।
- কেন্দ্রসচিব ব্যতীত অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না। কেন্দ্রসচিব যোগাযোগের স্বার্থে ফিচার ফোন (স্মার্ট ফোন ব্যতীত) ব্যবহার করতে পারবেন।
- সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) ও বহুনির্বাচনী পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই স্বাক্ষরলিপি ব্যবহার করতে হবে।
- পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃনিরীক্ষার জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

মোঃ কামাল উদ্দিন  
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮

ই-মেইল: [controller@bmeb.gov.bd](mailto:controller@bmeb.gov.bd)

২৩/৯/২০২১